

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৮৮

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃতের নিকট কী বলা যাবে এবং মৃতের পরিজনরা কী বলবে?□

আরবী

وَعَنْهَا قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللهِ عَلَيْ يَقُولُ مَا مِنْ عَبْدٍ تُصِيبُهُ مُصِيبَةٌ فَيَقُولُ: إِنَّا للهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ اللَّهُمَّ أَجُرْنِي فِي مُصِيبَتي وَاخْلُفْ لِي خَيراً مِنْهَا إِلاَّ أَجَرَهُ اللهُ تَعَالَى فِي مُصِيبَتِهِ وَأَخْلُفَ لَهُ خَيْراً مِنْهَا قَالَتْ: فَلَمَّا تُؤْفِي أَبُو سَلَمَة قُلتُ كَمَا أَمَرَنِي رَسُولُ اللهِ عَلَيْ فَأَخْلُفَ اللهُ لِي خَيْراً مِنْهُ رَسُولَ اللهِ عَلَيْ واه مسلم

বাংলা

(১২৮৮) উক্ত উম্মে সালামাহ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, যে বান্দা বিপদগ্রস্ত অবস্থায় এই দু'আ বলবে,

'ইনা লিল্লা-হি অইনা ইলাইহি রা-জিউন, আল্লা-হুম্মা'জুরনী ফী মুসীবাতী অখলুফলী খাইরাম মিনহা।' (যার অর্থ, আমরা আল্লাহর জন্য এবং আমরা তাঁরই দিকে প্রত্যাবর্তন করব। হে আল্লাহ! তুমি আমাকে আমার এই বিপদে প্রতিদান দাও এবং তার জায়গায় উত্তম বিনিময় প্রদান কর।)

আল্লাহ তাকে তার বিপদে প্রতিদান ও তার জায়গায় উত্তম বিনিময় দান করবেন।

উম্মে সালামাহ (রাযিয়াল্লাহু আনহা) বলেন, যখন আবূ সালামাহ মারা গেলেন, তখন আমি সেইরূপ বললাম, যেরূপ বলার আদেশ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দিয়েছিলেন। সুতরাং আল্লাহ আমাকে তার চেয়ে উত্তম বিনিময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে (স্বামীরূপে) প্রদান করলেন।

ফুটনোট

(মুসলিম ২১৬৫-২১৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=65036}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন